

# উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি)

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

ইন্সট্রাক্টারের নাম : অশোক কুমার আচার্য  
নিজ জেলা : চট্টগ্রাম  
যোগদানের তারিখ : ২৭/০৭/২০০৭  
মোবাইল : ০১৭১৬৮৫২৩০৮

মান সম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে একাডেমিক ও প্রশিক্ষণ সংক্রান্ত কারিগরী সেবা শিক্ষকদের দৌড়গোড়ায় পৌঁছে দেয়ার মানসে সরকার দেশের প্রতিটি উপজেলা ও মহানগরী থানায় প্রশিক্ষণ ও একাডেমিক সেক্টরের বিকেন্দ্রীকরণ হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে উপজেলা রিসোর্স সেন্টার(ইউআরসি) প্রতিষ্ঠা করেছে। যা সরকারের মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী পদক্ষেপ। বর্তমানে উক্ত প্রতিষ্ঠান উপজেলা/থানা পর্যায়ে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসের প্রশাসনিক/সংস্থাপন সংক্রান্ত সেবার পাশাপাশি পুরিপুর প্রতিষ্ঠান হিসেবে একাডেমিক, প্রশিক্ষণ ও কারিগরী সংক্রান্ত সেবা প্রদান করে আসছে।

### \*প্রতিষ্ঠানের কার্যক্রম:

- ০১। শিক্ষকদের স্বল্পকালীন প্রশিক্ষণ চাহিদা নির্নয়ন করা।
- ০২। প্রশিক্ষণ সামগ্রী প্রণয়ন, তৈরী, ব্যবহার ও সংরক্ষণ করা।
- ০৩। প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- ০৪। শিখন শেখানো কার্যক্রম পরিচালনায় সঠিক পদ্ধতি ও বিভিন্ন কৌশল প্রয়োগে সহায়তা করা।
- ০৫। শ্রেণিকক্ষে সি-ইন-এড প্রশিক্ষণের যথাযথ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা।
- ০৬। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ০৭। সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পর্যবেক্ষণ করা।
- ০৮। ইউআরসিতে অনুষ্ঠিত বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ শ্রেণিকক্ষে বাস্তবায়ন পরিবীক্ষণ এবং অনুস্মারক(Follow up)/সঙ্গীবনী প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ০৯। বিভিন্ন বিষয়ের উপর পাঠ্সংশ্লিষ্ট উপকরণের চাহিদা শনাক্তকরণ, উপকরণ সংগ্রহ, তৈরী, ব্যবহার ও সংরক্ষণের উপর কর্মশালা/প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ১০। উপজেলা পর্যায়ে সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ ও অন্যান্য তথ্য সংবলিত ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করা।
- ১১। বিদ্যালয় ব্যবস্থাপনা ও শ্রেণি ব্যবস্থাপনায় শিক্ষকযোগ্যাতার প্রয়োগ নিশ্চিতকরণে সহায়তা করা।
- ১২। Action Research/Longitudinal Study সম্পন্ন করা।
- ১৩। ইউআরসিতে ব্যবহৃত বিভিন্ন প্রশিক্ষণ সামগ্রী ও বিষয়ভিত্তিক পাঠ সংশ্লিষ্ট শিক্ষা উপকরণের উপর শিক্ষাবর্ষের শুরুতে(জানুয়ারি) প্রদর্শনীর আয়োজন করা, ইত্যাদি।

\* ইউআরসি, উত্থিয়া, কর্তৃক ইতিমধ্যে উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষকদেরকে এবং এর সাথে সম্পৃক্ত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির(এসএমসি) সদস্য সহ সংশ্লিষ্টদের ক্ষেত্রে প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়েছে:

### বিষয় ভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

বিদ্যালয়ের ধরণ/	বাংলা	ইংরেজী	গণিত	সমাজ	বিজ্ঞান	মোট
সরকারি	১১০	১০৮	১১২	১০৭	১১৫	৫৫২
রেজি:	৬৫	৬৫	৬২	৬৮	৬০	৩২০
মোট:	১৭৫	১৭৩	১৭৪	১৭৫	১৭৫	৮৭২

\*প্রধান শিক্ষকদের বিদ্যালয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ(এসএমসি) সংক্রান্ত তথ্য: ৭৫জন

\*বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির(এসএমসি) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য: ৪৮টি

### বেসিক ইন সার্টিস প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

বিদ্যালয়ের ধরণ	শিক্ষক	শিক্ষিকা	মোট
সরকারি	১৫	১২	২৭
রেজি: বেসরকারি	১৫	০৮	২৩
মোট:	৩০	২০	৫০

### প্রাক-প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

বিদ্যালয়ের ধরণ	শিক্ষক	শিক্ষিকা	মোট
সরকারি	২২	১৮	৪০
রেজি: বেসরকারি	১০	২০	৩০
মোট:	৩২	৩৮	৭০

### সু-স্বাস্থ্য সু-শিক্ষা প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

বিদ্যালয়ের ধরণ	শিক্ষক	শিক্ষিকা	মোট
সরকারি	২০	১৪	৩৪
রেজি: বেসরকারি	১১	১৫	২৬
মোট:	৩১	২৯	৬০

### শিক্ষাপ্রকরণ তৈরীর ওরিয়েন্টেশন(বিজ্ঞান) সংক্রান্ত তথ্য:

বিদ্যালয়ের ধরণ	শিক্ষক	শিক্ষিকা	মোট
সরকারি	০৮	০৭	১৫
রেজি: বেসরকারি	০৮	০২	১০
মোট:	১৬	০৯	২৫

### প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন কিছু সুপারিশ:

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সময়ের চাহিদার প্রেক্ষিতে বাস্বতার নিরিখে কিছু সুপারিশ পেশ করা হল:

০১। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহারের জন্য সরকার ইতিমধ্যে প্রাথমিক বিদ্যালয় গুলোতে মাল্টিমিডিয়া সহ ল্যাপটপ প্রদান শুরু করেছে। এর মূল উদ্দেশ্য হল, শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তির সংযোজনের জন্য শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া ব্যবহার করে আনন্দঘন পাঠ্দানে মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা। সরকারের এই যুগান্তকারী উদ্যোগকে ধরে রাখতে হলে শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের নিয়মিত প্রশিক্ষণ ও কারিগরী সহায়তা প্রদান করার জন্য উপজেলা পর্যায়ে উপজেলা রিসোর্স সেন্টারে(ইউআরসি) আইসিটি ল্যাব স্থাপন করা সময়ের চাহিদার প্রেক্ষিতে অতীব প্রয়োজন।

০২। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে উপজেলা/থানা পর্যায়ে শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের প্রশিক্ষণ, একাডেমিক ও কারিগরী সহায়তা প্রদান আরও নিবিড় করার জন্য আধুনিক শিক্ষাপ্রকরণ, চারকারু ও মাল্টিমিডিয়া উপকরণ,তথ্য পুষ্টিকা, বই, প্রশিক্ষণ সামগ্রী ইত্যাদি দিয়ে একটি মানসম্মত আধুনিক ডিজিটাল লাইব্রেরী প্রতিষ্ঠা করা প্রয়োজন, যা উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা ব্যবহার করতে পারবে।

০৩। নিয়মিত একাডেমিক সাপোর্ট প্রদান মানসম্মত পাঠ্দানদান নিশ্চিতকরণের জন্য একটি অন্যতম পূর্বশর্ত। এজন্য, প্রতিষ্ঠানের বর্তমান শৃণ্যপদগুলো দ্রুত পুরণ করা এবং ক্লাস্টার ভিত্তিক সহকারি ইন্সট্রাক্টর/একাডেমিক সুপারভাইজারের পদ সৃষ্টি করা প্রয়োজন,যাতে করে বিদ্যালয়গুলোতে একাডেমিক সেবা প্রদান আরো দ্রুত ও সহজতর হয়।